# উপজেলা সেচ কমিটি

পীরগঞ্জ, রংপুর।

## বিশেষ গণবিজ্ঞপ্তি

**"কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা আইন-২০১৮" ও "কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা- ২০১৯"** মোতাবেক কৃষি কাজে ব্যবহারের জন্য সেচ পাম্প স্থাপন, সেচ লাইসেন্স গ্রহণ ও সেচ কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের আইনি বাধ্যবাধকতা আছেঃ

১. উপজেলা সেচ কমিটি হতে সেচ লাইসেন্স গ্রহণ করে সেচ কার্যক্রম পরিচালনা করতে হবে। সেচ লাইসেন্স ছাড়া বোরিং/ নলকূপ স্থাপন করা যাবে না।

২. যে সকল সেচ নলকূপ লাইসেন্স ছাড়াই চালু আছে সেই সকল সেচ নলকূপের সেচ লাইসেন্স উপজেলা সেচ কমিটি হতে আবেদনের মাধ্যমে গ্রহণ করতে হবে।

৩. সেচ লাইসেন্স গ্রহণ করার পর নির্দিষ্ট স্থানেই সেচ স্থাপনা করতে হবে। কোনভাবেই স্থান পরিবর্তন করা যাবে না।

৪. সেচ লাইসেন্স গ্রহণ করার পর সেচ লাইসেন্স ইস্যুর তারিখ হতে ১ (এক) বছরের মধ্যে সেচ স্থাপনা করতঃ বিদ্যুৎ/ সোলার সংযোগ গ্রহণ করতে হবে। অন্যথায় সেচ লাইসেন্স বাতিল বলে গন্য হবে।

৫. সেচ সংযোগ গ্রহণ করার পর উক্ত সেচ লাইসেন্স প্রতি ৩ (তিন) বছর পর পর নবায়ন করতে হবে। সেচ লাইসেন্স নির্দিষ্ট সময়ের মধ্যে নবায়ন না করলে উক্ত সেচ লাইসেন্স বাতিল বলে গন্য হবে।

৬. সেচ এলাকা ০.৫ কিউসেক এর জন্য ৪১০ ফিট, ১ কিউসেক এর জন্য ৫৭৪ ফিট এবং ২ কিউসেক এর জন্য ১২৩০ ফিট পর্যন্ত সেচ কার্যক্রম পরিচালনা করতে পারবে।

৭. উপজেলা সেচ কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত সেচ চার্জ/ ভাড়া আদায় করতে হবে। অতিরিক্ত সেচ চার্জ/ ভাড়া আদায় করা যাবে না।

৮. কৃষকগণের জমিতে পরিমিত সেচ দিতে হবে। কোনভাবেই জমিতে পানির স্বল্পতা যেন না দেখা দেয় সেদিকে সার্বক্ষনিক খেয়াল রাখতে হবে।

- ❖ উপরোক্ত নির্দেশনাবলী অবশ্যই পালন করতে হবে। অন্যথায় আইন, বিধিমালা ও উপজেলা সেচ কমিটির সিদ্ধান্ত মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ❖ কোন ব্যাক্তি আইন, বিধিমালা ও উপজেলা সেচ কমিটির সিদ্ধান্ত লংঘন করিলে অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা জরিমানা, অনাদায়ে ৩০ (ত্রিশ) দিন বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত হইবেন।

আদেশক্রমে
সভাপতি
উপজেলা সেচ কমিটি
পীরগঞ্জ, রংপুর।